

## আপনার শিশুর বার্ষিক পর্যালোচনাতে কী প্রত্যাশা করবেন

আপনার শিশুর বার্ষিক পর্যালোচনা হল গত এক বছরে তাদের হাঁপানি কেমন ছিল তা ফিরে দেখার একটি সুযোগ এবং আগামী বছরের জন্য কী করতে হবে তার পরিকল্পনা করা। তাদের হাঁপানির উপর নিয়ন্ত্রণ কেমন তা নিয়ে এক ধরনের মূল্যায়ন এতে সংশ্লিষ্ট থাকবে; এটি আপনার এবং তাদের দ্বারা সম্পন্ন করার জন্য একটি প্রশ্নাবলী হতে পারে, অথবা ডাক্তার বা নার্স আপনাকে যে প্রশ্নগুলো জিজ্ঞেস করে থাকেন, উদাহরণস্বরূপ তারা কত ঘন ঘন তাদের নীল ইনহেলার ব্যবহার করে থাকে? কত ঘন ঘন তাদের হাঁপানি আপনার দৈনন্দিন জীবনে প্রভাব ফেলে? তারা আপনার সন্তানের কতগুলো হাঁপানির ‘আক্রমণ’ হয়েছে এবং এর জন্য স্টেরয়েড দিয়ে চিকিৎসা করার অথবা হাসপাতালে ভর্তির প্রয়োজন হয়েছে কিনা তাও দেখবেন।



তারা কোন ওষুধ গ্রহণ করছে তার পর্যালোচনা করা হবে, এর মধ্যে অন্তর্ভুক্ত থাকবে তারা আসলেই তাদের ওষুধ নিয়মিত গ্রহণ করছে কিনা তাও। তাদের ইনহেলার ব্যবহারের কৌশল পরীক্ষা করে দেখা হবে এবং তারপরে তাদের ওষুধে প্রয়োজনীয় যেকোনো পরিবর্তন আনা যেতে পারে। সম্ভব হলে তাদের পিক ক্লো অথবা ফুসফুসের কার্যকারিতা পরীক্ষা করে দেখা হবে। আপনার সন্তানের পার্সোনালাইজড অ্যাজমা অ্যাকশন প্ল্যান (PAAP) পর্যালোচনা এবং আপডেট করা হবে এবং এটি আপনাকে নিশ্চিত করার সুযোগ দেবে যে আপনি আপনার সন্তানের বর্তমান সেরা পিক ক্লো কী তা জানেন এবং আপনি নতুন কোনো হাঁপানি শুরু করার কারণ লক্ষ্য করেছেন কিনা তা অন্বেষণ করবে।

আপনার সন্তানের হাঁপানি সম্পর্কে আপনার থাকা যেকোনো উদ্বেগ অথবা সমস্যা নিয়ে আলোচনা করার জন্য এটি একটি ভালো সুযোগ। আপনার সন্তানের হাঁপানি সম্পর্কে আপনার থাকা যেকোনো উদ্বেগ অথবা সমস্যা নিয়ে আলোচনা করার জন্য এটি একটি ভালো সুযোগ।